

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.৯৯.০০০১.২৫.১১৬৪

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ ব.
২০ অক্টোবর ২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ইস্যুকৃত শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্রের সঠিকতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে তাঁর প্রতিষ্ঠানে কর্মরত কোন শিক্ষকের নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই করার প্রয়োজন হলে নিম্নোক্ত ছক মোতাবেক তথ্য ও বর্ণিত কাগজপত্রাদিসহ স্বয়ংসম্পূর্ণ আবেদন এনটিআরসিএ কার্যালয়ে (বাহক/সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে) দাখিল করতে হবে।


প্রত্যয়নপত্র যাচাই আবেদনের জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:

- (ক) যে সকল প্রতিষ্ঠান তাঁদের প্রতিষ্ঠানে কর্মরত কোন নিবন্ধনধারী শিক্ষকের নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই করতে ইচ্ছুক তাঁরা সংশ্লিষ্ট নিবন্ধনধারী শিক্ষকের (১) নিবন্ধন প্রত্যয়নপত্র, (২) নিয়োগপত্র ও (৩) যোগদানপত্র প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত করে প্রতিষ্ঠান প্রধানের ফরোয়ার্ডিংসহ চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) বরাবর স্বয়ংসম্পূর্ণ আবেদন রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় দাখিল করবেন।
- (খ) ফরোয়ার্ডিং পত্রে উল্লেখিত প্রতিষ্ঠানের ইমেইল ঠিকানায় যাচাই প্রতিবেদন প্রেরণ করা হবে এবং এনটিআরসিএ-এর ওয়েবসাইট থেকেও যাচাই প্রতিবেদন ডাউনলোড ও প্রিন্ট করা যাবে। উল্লেখ্য, প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদনসমূহ এনটিআরসিএ-এর ওয়েব সাইটের (www.ntcrca.gov.bd) “প্রত্যয়নপত্র যাচাই সংক্রান্ত” সেবা বক্সে আপলোড ও সংরক্ষণ করা হয়।
- (গ) প্রত্যয়নপত্র যাচাই এর জন্য কোন ফি প্রদানের প্রয়োজন নেই।

তথ্য ছক:

ক্র. নং	নাম, পিতা ও মাতার নাম, মোবাইল এবং এনআইডি নম্বর	ইনডেক্স নম্বর, নিবন্ধন পরীক্ষার রোল, রেজি., ব্যাচ নং, পদ এবং বিষয়	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা	কর্মরত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
০১	নাম: পিতা: মাতা: মোবাইল নম্বর: এনআইডি নম্বর:	ইনডেক্স নম্বর: রোল নম্বর: রেজি. নম্বর: ব্যাচ নম্বর: পদ: বিষয়:	বাসা/হোল্ডিং নং গ্রাম: ডাকঘর: উপজেলা: থানা: জেলা:	বাসা/হোল্ডিং নং গ্রাম: ডাকঘর: উপজেলা: থানা: জেলা:	

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


২০/১০/২০২৫
(ফিরোজ আহমেদ)

সহকারী পরিচালক (পমূপ্র-১)
ad_exam1@ntcrca.gov.bd

☎: ০২-৫৫১৩৮৫০৮

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.৯৯.০০০১.২৫.১১৬৪/১(৯)

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ ব.
২০ অক্টোবর ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
৪. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৫. সচিব (উপসচিব), এনটিআরসিএ, ঢাকা।
৬. জেলা শিক্ষা অফিসার (সকল) (সকল আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৮. পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সংশ্লিষ্ট নথি।

(ফিরোজ আহমেদ)

সহকারী পরিচালক (পমুপ্র-১)
ad_exam1@ntrca.gov.bd

☎: ০২-৫৫১৩৮৫০৮